



তিতাস গ্যাস ট্রেডার্স অসোসিয়েশন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

স্মারক নং- ২৮.১৩.০০০০.১০১.২৭.০১৩.২৫/৪০৬

তারিখ: ২১/১২/২০২৫

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ

যেহেতু, আপনি জনাব মোঃ আনোয়ারুল ইসলাম (০৯৮৩০), পিসি অপারেটর পবিত্র ঈদুল আযহা, ২০২৫ উপলক্ষে ০৫/০৬/২০২৫ হতে ১৪/০৬/২০২৫ তারিখ পর্যন্ত সরকারি ও সাপ্তাহিক ছুটি শেষে অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি; এবং

২. যেহেতু, আপনি ০৫/০৬/২০২৫ তারিখ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন; এবং

৩. যেহেতু, আপনি আপনার ব্যবস্থাপক (উত্তরা বিক্রয় শাখা) -কে মোবাইল ফোনের মাধ্যমে অসুস্থতার কথা অবহিত করে পরবর্তীতে কর্মস্থলে যোগদান করেননি; এবং

৪. যেহেতু, আপনি আপনার কর্মস্থল মেটাবিবি-৪ হতে ছাড়পত্র নেননি এবং বদলীকৃত কর্মস্থল নির্বাহী ম্যাজিস্ট্রেটসি সেল, ভিজিলাস ডিভিশন-এ যোগদান না করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আইনানুগ আদেশের লঙ্ঘন করেছেন; এবং

৫. যেহেতু, আপনার এহেন কার্যকলাপ বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩(৪)(ঘ) বিধিতে 'অসদাচরণ' এবং কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর আচরণ ও শৃঙ্খলা ধারা-৩৭(২)(খ) এর ব্যত্যয়; এবং

৬. যেহেতু, আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩(৪)(ঘ) বিধিতে 'অসদাচরণ' এবং কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৩৮(খ) ও ৩৮(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর পর্যায়ভুক্ত দন্ডযোগ্য অপরাধ; এবং

৭. যেহেতু, উল্লিখিত অভিযোগে আপনার বিরুদ্ধে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ২৩(৪)(ঘ) বিধিতে 'অসদাচরণ' এবং কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা-৩৮(খ) ও ৩৮(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন' এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে স্মারক নং- ২৮.১৩.০০০০.০৯৮.২৭.০০৮.২৫/২২৩, তারিখ: ১৯/০৮/২০২৫ এর মাধ্যমে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রণয়নপূর্বক রেজিস্ট্রি ডাকযোগে আপনার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণ করা হয়; এবং

৮. যেহেতু, নির্ধারিত ১০ (দশ) কার্যদিবস অতিবাহিত হলেও আপনি অদ্যাবধি অভিযোগনামার জবাব প্রদান করেননি; এবং

৯. যেহেতু, ন্যায় বিচারের স্বার্থে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে বাংলাদেশ শ্রম আইন-২০০৬ এর ধারা ২৪ (১)(ঘ) অনুযায়ী মালিক ও শ্রমিকের সম-সংখ্যক প্রতিনিধির সমন্বয়ে পত্র স্মারক নং- ২৮.১৩.০০০০.০৯৮.২৭.০০৮.২৫/২৯৫, তারিখ: ০৭/১০/২০২৫ এর মাধ্যমে একটি বিভাগীয় তদন্ত কমিটি গঠন করা হয়; এবং

১০. যেহেতু, উক্ত তদন্ত কমিটি ০৪/১২/২০২৫ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনাকে অভিযোগনামায় আনীত অভিযোগে দোষী সাব্যস্ত করেছে; এবং

১১. যেহেতু, আপনি পাসপোর্ট নং-A01164229 ব্যবহার করে গত ০৫/০৭/২০২৫ খ্রি: ০২:২৬ ঘটিকায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা হয়ে Employment ভিসায় Biman Bangladesh এ BG305 ফ্লাইট যোগে কানাডা

প্রধান কার্যালয় : "তিতাস গ্যাস ভবন" ১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার বাণিজ্যিক এলাকা, ঢাকা-১২১৫, বাংলাদেশ।
টেলিফোন : পিএবিএক্স-৪১০১০০০০-০৪, ৪১০১০৩৭২-৮০, ৪১০১০০১৪, হটলাইন : ১৬৪৯৬, ০৯৬১২৩১৬৪৯৬, ০১৯৫২২৭৭৩৭১, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০১২৬৮৭
ই-মেইল : mdtitasgas@titasgas.org.bd, ওয়েব সাইট : www.titasgas.org.bd



তিতাস গ্যাস ট্রান্সমিসন এণ্ড ডিস্ট্রিবিউশন পিএলসি.

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

এর উদ্দেশ্যে বহির্গমন করেছেন এবং অদ্যাবধি আপনার বাংলাদেশে ফিরে আসার কোন তথ্য পাওয়া যায়নি, যার প্রমাণক কমিটি প্রতিবেদনে সংযুক্ত করেছে;

১২. সেহেতু, আপনি জনাব মোঃ আনোয়ারুল ইসলাম (০৯৮৩০), পিসি অপারেটর - এর বিরুদ্ধে বাংলাদেশ শ্রম আইন - ২০০৬ এর ২৩(৪)(ঘ) বিধিমাতে 'অসদাচরণ' এবং কোম্পানির কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ধারা ৩৮(খ) ও ৩৮(গ) মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এবং 'পলায়ন'- এর অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ শ্রম আইন - ২০০৬ এর ২৩(১) ধারা অনুসারে কেন আপনাকে 'চাকুরি হতে বরখাস্ত (Dismissal)' অথবা অন্য কোনো গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব এ নোটিশ প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশ দেওয়া হলো।

মো. লুৎফুল হায়দার মাসুম

মহাব্যবস্থাপক (মানব সম্পদ)

সংযুক্তি: তদন্ত প্রতিবেদনের অনুলিপি ০৪ (চার) পাতা।

প্রাপক:

জনাব মোঃ আনোয়ারুল ইসলাম (০৯৮৩০), পিসি অপারেটর, উত্তরা বিক্রয় শাখা, মেট্রো ঢাকা বিক্রয় বিভাগ-৪,
তিতাস গ্যাস টি এন্ড ডি পিএলসি।

স্থায়ী ঠিকানা: জনাব মোঃ আনোয়ারুল ইসলাম, পিতা: ডাঃ মোঃ জহুরুল ইসলাম, ১১/২৫, ইসলামিয়া কলেজ রোড, ছোট
বয়রা, সোনাডাঙ্গা, খুলনা-৯০০০।

বর্তমান ঠিকানা: ঐ